



রমজানে বাজার কারসাজি সহ্য করা হবে না: ইশরাক হোসেন



ইশরাক হোসেন। ছবি: সংগৃহীত

নিত্যপণ্যের অযৌক্তিক মূল্যবৃদ্ধি ঠেকাতে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। রমজানকে সামনে রেখে কোনো সিডিকেট যেন বাজার অস্থির করতে না পারে, সে বিষয়ে সতর্ক থাকার কথা বলেন তিনি।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) দুপুরে পুরান ঢাকার মৌলভীবাজার ও বাদামতলী এলাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং স্থানীয় প্রশাসনের সঙ্গে অভিযানে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন।

তিনি জানান, একজন নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে বাজার পরিস্থিতি সরেজমিনে দেখতে এবং চলমান তদারকি কার্যক্রমকে সমর্থন জানাতেই সেখানে গিয়েছেন। সাম্প্রতিক সময়ে ভোক্তা অধিকার সংস্থার অভিযানে বাধা দেওয়ার ঘটনাকে তিনি অনভিপ্রেত বলে মন্তব্য করেন।

ইশরাক হোসেন আরও বলেন, ব্যবসায়ী সংগঠন ও ভোক্তা অধিকার কর্তৃপক্ষের মধ্যে যে দূরত্ব তৈরি হয়েছে, তা কমিয়ে আনার চেষ্টা চলছে। তার ভাষ্য, রমজান এলেই একটি অসাধু চক্র কৃত্রিম সংকট তৈরি করে দাম বাড়ায়, যার চাপ পড়ে সাধারণ মানুষের ওপর। এ পরিস্থিতি ঠেকাতে প্রয়োজন হলে নিয়মিত অভিযান অব্যাহত থাকবে।